৮ জুলাই মেহেরপুরে আসছে জাতীয় নাগরিক পার্টির নেতারা

বৈষম্যহীন, দুর্নীতিমুক্ত ও গণতান্ত্রিক বাংলাদেশ গঠনের অঙ্গীকার নিয়ে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সারাদেশে শুরু করেছে ‘জুলাই পদযাত্রা’ কর্মসূচি। এরই ধারাবাহিকতায় আগামী ৮ জুলাই, মঙ্গলবার এনসিপির আহ্বায়ক ও একদফার ঘোষক নাহিদ ইসলাম মেহেরপুর সফর করবেন।

সফরকালে তার সঙ্গে থাকবেন এনসিপির মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ, সারজিস আলমসহ কেন্দ্রীয় কমিটির একঝাঁক উদ্যমী তরুণ নেতৃত্ব। এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো, দেশের প্রান্তিক জনগণের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে নতুন বাংলাদেশ গড়ার স্বপ্ন ও ভাবনা তুলে ধরা।

অনুষ্ঠানসূচি অনুযায়ী খলিশাকুন্ডি থেকে গাংনী বাজারে পদযাত্রা ও পথসভা, বিকেল ৪টায় ড. শহীদ সামসুজ্জোহা পার্কে সমাবেশ ও পশুর হাট পর্যন্ত পদযাত্রা, সন্ধ্যা ৭:৩০টায় কেদারগঞ্জ বাজারে পথসভা এবং রাত ৮টায় মুজিবনগর উপজেলা অফিস উদ্বোধন অনুষ্ঠিত হবে।

মেহেরপুরের পিরোজপুর ও আমদহে এনসিপির গণসংযোগ

মেহেরপুরে বিচার, সংস্কার ও গণপরিষদ নির্বাচনের লক্ষ্যে সদর উপজেলায় তৃতীয় দিনের মতো জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সদর উপজেলার পিরোজপুর ও আমদহ ইউনিয়নে এ গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে। এই গণসংযোগে অংশ নেন জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য, অঞ্চল তত্ত্বাবধায়ক ও জুলাই গণঅভ্যুত্থানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক ইঞ্জিনিয়ার সোহেল রানা। এসময় এনসিপির জেলা ও উপজেলা

সমন্বয় কমিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

পথসভায় অর্থনৈতিক সমৃদ্ধি, বেকারত্ব দূরীকরণ, স্বাস্থ্যসেবার উন্নয়ন, এবং সকলের জন্য বৈষম্যহীন অধিকার প্রতিষ্ঠার অঙ্গীকার ও সুদূরপ্রসারী উন্নয়নমূলক কর্মসূচির কথা সংক্ষেপে তুলে ধরা হয়।

এনসিপি’র উদ্যোগে গাংনীতে কোরবানির গোস্ত বিতরণ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) পক্ষ থেকে মেহেরপুর জেলার গাংনী উপজেলা ও পৌরসভায় দ্বিতীয় দিনের মতো প্রায় ৩০০ অসহায় ও নিম্নআয়ের পরিবারের মাঝে কোরবানির গোস্ত বিতরণ করা হয়েছে।

এনসিপি’র কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক ও জেলার প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট সাকিল আহমাদ এর উদ্যোগে এই গোস্ত বিতরণ করা হয়।

গতকাল রবিবার সকাল থেকে গাংনীর বিভিন্ন গ্রাম ও পাড়ায় গিয়ে এসব গোস্ত পৌঁছে দেন জাতীয় নাগরিক পার্টির স্থানীয় নেতারা। কোরবানির এই উদ্যোগকে কেন্দ্র করে এলাকাবাসীর মধ্যে এক উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

এ বিষয়ে সাকিল আহমাদ জানান, “আমরা চাই, ঈদের আনন্দ সবাই ভাগ করে নিক। সমাজের পিছিয়ে পড়া মানুষ যেন এই খুশি থেকে বঞ্চিত না হয় — সেই চেষ্টার অংশ হিসেবেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।”

এসময় আরও উপস্থিত ছিলেন, দলের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা, যারা পুরো প্রক্রিয়া সুসংগঠিতভাবে পরিচালনা করেন।

উল্লেখ্য, ঈদুল আযহার প্রথম দিনেও একইভাবে ২৫০ পরিবারের মধ্যে কোরবানির গোস্ত বিতরণ করেছিল এনসিপি, মেহেরপুর। নেতৃবৃন্দের মধ্যে জাতীয় যুব শক্তির কেন্দ্রীয় সংগঠক মোঃ মুজাহিদুল ইসলামসহ যুক্ত ছিলেন আমির হামজা, শামীম আহমেদ আজম, আকাশ প্রমুখ।

এ ধরণের জনকল্যাণমূলক কর্মসূচি আগামী দিনগুলোতেও অব্যাহত থাকবে বলে জানিয়েছে দলটি।

এনসিপি’র মেহেরপুর সদর উপজেলা সমন্বয় কমিটি অনুমোদন

হাসমত উল্লাহকে প্রধান সমন্বয়কারী, সালাউদ্দিন রনি ও ওমর ফারুককে যুগ্ম সমন্বয়কারী করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ১৫ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা সমন্বয় কমিটি প্রকাশ করা হয়েছে। বুধবার এনসিপি’র সদস্য সচিব আখতার হোসেন ও দক্ষিণ অঞ্চলের মুখপাত্র হাসনাত আবদুল্লাহ এ কমিটির অনুমোদন দেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- সাঈদ হাসান, মোঃ কাইয়ুম আলি, তাহসিন রাব্বি, সাজেদুর রহমান, মোঃ পিন্টু মল্লিক, ইব্রাহিম হোসেন, আবাবিল হাসান সুইট, ইকবাল হোসেন রাজ, মোঃ রেজাউল করিম, সাহেব মাহমুদ, মোঃ মোবারক হুসাইল, মোঃ আরাফাত হোসেন।
আগামী ৩ মাস অথবা আহ্বায়ক কমিটি গঠন পর্যন্ত এ কমিটি বলবৎ থাকবে বলে বলা হয়েছে।

এনসিপি’র মেহেরপুর জেলা সমন্বয় কমিটি অনুমোদন

সাকিল আহমেদকে প্রধান সমন্বয়কারী, মো: আরিফ খান ও আশিক রাব্বিকে যুগ্ম সমন্বয়কারী করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ১৫ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা সমন্বয় কমিটি প্রকাশ করা হয়েছে।

মঙ্গলবার এনসিপি’র সদস্য সচিব আখতার হোসেন ও দক্ষিণ অঞ্চলের মুখপাত্র হাসনাত আবদুল্লাহ সাক্ এ কমিটির অনুমোদন দেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- শামীম আহমেদ আযম, ইমতিয়াজ আহমেদ, হাসনাত জামান সৈকত, খন্দকার মুইজ উদ্দীন, তামিম ইসলাম, আব্দুল্লাহ আল সাদ, রিদওয়ানুল হব মুজাহিদ, লাল চাঁদ, সাদ্দাম হোসেন জীবন, আমির হামজা, মাহবুব ই তাওহিন রবিন ও শাওন শেখ।

আগামী ৩ মাস অথবা আহ্বায়ক কমিটি গঠন পর্যন্ত এ কমিটি বলবৎ থাকবে বলে বলা হয়েছে।

শহীদ রাকিবুলের কবর জিয়ারত করলে এনসিপি’র যুগ্ম সদস্য সচিব তারেক রেজা

জুলাই-আগস্ট মাসে কোটা বৈষম্য বিরোধী আন্দোলনের সময় ঢাকার মিরপুরে পুলিশের গুলিতে নিহত শহীদ ইঞ্জিনিয়ার রাকিবুল হোসেনের কবর জিয়ারত করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)’র যুগ্ম সদস্য সচিব তারেক রেজা।

তিনি হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের বাসুদেবপুর গ্রামে অবস্থিত শহীদ রাকিবুলের কবর জিয়ারত করেন। তার নেতৃত্বে দলের নেতাকর্মীরা কবর জিয়ারত ও বিশেষ দোয়া মোনাজাতে অংশ নেন।

কবর জিয়ারতের পর শহীদের পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেন তারেক রেজা। তিনি শহীদের বাসায় গিয়ে রাকিবুলের মা, বাবা ও অন্যান্য স্বজনদের সঙ্গে ঈদের শুভেচ্ছা ও কুশলাদি বিনিময় করেন এবং তাদের খোঁজখবর নেন।

এ সময় তিনি আবেগাপ্লুত হয়ে পড়েন এবং শহীদের মায়ের হাতে ঈদ উপহার ও আর্থিক সহায়তা তুলে দেন।

তার সঙ্গে উপস্থিত ছিলেন—বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম আহ্বায়ক আবু হাসনাত তানাইম, হরিণাকুণ্ডু উপজেলার আহ্বায়ক রফিকুল ইসলাম, সহযোদ্ধা তৌফিক আলম, ধ্রব্যসহ অন্যান্য নেতৃবৃন্দ।

তারেক রেজা বলেন, “শহীদদের ঋণ কখনো শোধ করা যাবে না। তারা জাতির জন্য যে ত্যাগ করেছেন, তা চিরস্মরণীয়। বর্তমান অন্তবর্তী সরকার সবসময় শহীদ পরিবারের পাশে রয়েছে এবং থাকবে।”

তিনি আরও বলেন, “রাকিবুলের মতো অনেক মানুষ বিগত ফ্যাসিস্ট সরকারের হাতে নির্মমভাবে নিহত হয়েছেন। এই সকল হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। কোটা বৈষম্য বিরোধী ও কোটা সংস্কার আন্দোলনের সময় ঘটে যাওয়া সকল হত্যাকাণ্ডের বিচার হওয়া সময়ের দাবি, এবং তা আমরা নিশ্চিত করবো।”

বাংলাদেশে রাজনৈতিক সংস্কারের দরকার আছে : নুসরাত তাবাসসুম

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক নুসরাত তাবাসসুম বলেছেন, প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস বহির্বিশ্বের যে সম্মান বাংলাদেশের জন্য এনে দিচ্ছেন এবং দেশের সংস্কারে যেসব গুরুত্বপূর্ণ সংস্কার কাজ করে যাচ্ছেন, একটি রাজনৈতিক দলের অতিসাধারণ একটি অংশ হিসেবে আমি বিশ্বাস করি, এসমস্ত সংস্কারের দরকার আছে বাংলাদেশের।

গতকাল শুক্রবার বিকেলে কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা সদরপুর উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে মিরপুর ও ভেড়ামারা উপজেলার জুলাই যোদ্ধাদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন নুসরাত তাবাসসুম।

তিনি বলেন, যারা রক্ত দিয়ে শরীরের ব্যথা দিয়ে আমাদেরকে যে স্বাধীনতার সুখ এনে দিয়েছে তার কাছে এই সামান্য সম্মাননা কোনো মূল্যই রাখতে পারে না। আমরা তাদেরকে এমন একটি বাংলাদেশ উপহার দেব, যে বাংলাদেশে তারা অনেক ভালোবাসা পাবে, দোয়া পাবে। তবেই তাদের প্রতিদান দেওয়া সম্ভব হবে।

এ সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করে জাতীয় নাগরিক কমিটি মিরপুর উপজেলা শাখা এবং স্থানীয় পাঠাগার ‘পাঠক সমাদর’।

জাতীয় নাগরিক কমিটির জেলা প্রতিনিধি কমিটির সদস্য মো. মিজানুর রহমানের সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন এনসিপির যুগ্ম সদস্যসচিব মোল্লা মোহাম্মদ ফারুক এহসান, শহীদ আবরার ফাহাদের বাবা মো. বরকত উল্লাহ, জাতীয় নাগরিক কমিটির মিরপুর উপজেলা প্রতিনিধি কমিটির সদস্য শামসুল আরেফিন স্ট্যালিন ও পাঠক সমাদরের সহ-প্রতিষ্ঠাতা ইয়াসির আরাফাত, জুলাই যোদ্ধা আবু সাঈদ, এস এম শফিউল ইসলাম, শাহিনুল ইসলাম ও নাহিদ হোসেন প্রমুখ।

জাতীয় নাগরিক কমিটির কুষ্টিয়া জেলা প্রতিনিধি কমিটির সদস্য রায়ান হাসান, মিরপুর উপজেলা কমিটির প্রতিনিধি সদস্য শাহীন পারভেজ, পাঠক সমাদরের সহ-প্রতিষ্ঠাতা মনিরুল ইসলাম ও নাজমুল খান জনি এবং এস এম আকাশসহ শতাধিক লোকজন গতকালের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

গাংনীতে এনসিপির ঈদ সামগ্রী বিতরণ

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর উদ্যোগে মেহেরপুরের গাংনীতে অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

শুক্রবার বেলা ১১টার দিকে গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের হলরুমে এ উপহার সামগ্রী বিতরণ করা হয়।

এনসিপির কেন্দ্রীয় কমিটির যুগ্ম মুখ্য সমন্বয়ক ও সুপ্রিম কোর্টের আইনজীবী সাকিল আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঈদ উপহার বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা শাখার সদস্য সচিব মুজাহিদুল ইসলাম, শামীম আহমেদ আজম, সংগঠক আমির হামজা, মোহাম্মদ আব্দুল্লাহ মাহমুদ, ফরিদুল আলম পান্না, তানভীর মেহেদী ইমন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সম্পাদক মিয়াদুল ইসলাম, সাংবাদিক রাশিদুল ইসলাম বোরহান ও স্কুল শিক্ষক সামসুল হুদা।

গাংনী উপজেলার প্রায় আড়াইশো পরিবারের মধ্যে ঈদ উপহার প্রদান করা

হয়। উপহারসামগ্রীর মধ্যে চাল, তেল, চিনি, সেমাই, লবণ ও আটা ছিল।

এসময় তুর্কি জনগণের পাঠানো গিফট বক্সও উপহার হিসেবে বিতরণ করা হয়।

মহান স্বাধীনতা দিবসে গাংনীতে জাতীয় নাগরিক পার্টির ইফতার

মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মেহেরপুরের গাংনীতে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি’র) আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ ২৬ শে মার্চ বুধবার গাংনীর একটি রিসোর্টে ফ্যাসিবাদ বিরোধী রাজনীতিবিদ, মুক্তিযোদ্ধা, ছাত্র-শ্রমিক, জনতা, পেশাজীবী, অ্যাক্টিভিস্ট, ওলামায়ে কেরাম, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণীর নাগরিকদের সম্মানে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র গাংনী উপজেলা শাখার উদ্যোগে আয়োজিত এই ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম। ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম সমন্বয়ক ও সুপ্রীম কোর্টের আইনজীবি শাকিল আহমাদ।

এ সময় তিনি বলেন, ফ্যাসিবাদ বিরোধী রাষ্ট্র গঠনে ও বাংলাদেশকে দুর্নীতিমুক্ত করতে প্রয়োজনে নিজের বুকের রক্ত আরো একবার ঢেলে দেব। তবু বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্বকে ভূলুণ্ঠিত হতে দেওয়া যাবে না।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার সামসুল আলম সোনা, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলাম, জেলা জামায়াতের সূরা সদস্য নাজমুল হুদা, জেলা বিএনপির সাবেক সহ-সাংগাঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহ, আলম হুসাইন, বৈষম্য বিরোধী

ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার ইমতিয়াজ আহমেদ।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার যুগ্ম সদস্য সচিব শামীম আহমেদ আযম ও সদস্য আব্দুল্লাহ আল আসাদের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মোজাহিদুল ইসলাম বলেন, জুলাই গণঅভ্যুত্থানের পর বাংলাদেশ যে দ্বিতীয় স্বাধীনতা পেয়েছে তার স্বাদ আপামর জনসাধারণের মাঝে পৌঁছে দিতে হবে। ‘বাংলাদেশ প্রথম’ এই রাজনীতিক দর্শনকে কেন্দ্র করেই জাতীয় নাগরিক পার্টি সামনের দিকে এগিয়ে যাবে ইনশাল্লাহ।

অনুষ্ঠানে গাংনী উপজেলার জাতীয় নাগরিক পার্টির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।